গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

চেয়ারম্যান, নিম্নতম মজুরি বোর্ড

এবং

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

# সূচিপত্র

দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৪

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ১৫

## দপ্তর/সংস্থার কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Department/Organization)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

১. ২০১৭-১৮ অর্থ বছরে ৭টি শিল্প (টি প্যাকেটিং, জাহাজ ভাঙ্গা, ট্যানারী, দর্জি কারখানা, কটন টেক্সটাইল, বেকারী, বিস্কুট এন্ড কনফেকশনারী ও অটোমোবাইল ওয়ার্কশপ) সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নপূর্বক সরকার বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত শিল্প সেক্টরের মজুরি হার সরকার যথাসময়ে গেজেটের মাধ্যমে ঘোষণা করেছেন।

২. ২০১৮-১৯ অর্থ বছরে ৩টি শিল্প (এলুমিনিয়াম এন্ড এনামেল, গার্মেন্টস ও গ্লাস এন্ড সিলিকেট) সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নপূর্বক সরকার বরাবর প্রেরণ করা হয়েছে। উক্ত শিল্প সেক্টরের মজুরি হার সরকার যথাসময়ে গেজেটের মাধ্যমে ঘোষণা করেছেন।

৩. ২০১৯-২০ অর্থ বছরে ৫টি শিল্প ("প্লাস্টিক","রি-রোলিং মিলস" "চামড়াজাত পণ্য ও জুতা কারখানা", "ব্যক্তিমালিকানাধীন সড়ক পরিবহন"ও "রাইস মিল") সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নপূর্বক সরকার বরাবর প্রেরণ করা হয়েছে।

৪. ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসাবে নিম্নতম মজুরী বোর্ডে ই-ফাইলিং কার্যক্রম শতভাগ বাস্তবায়ন করা হচ্ছে। একটি নতুন উদ্ভাবনী উদ্যোগের অংশ হিসাবে বোর্ডের ওয়েব পেইজে "মতামত" বক্স চালু করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

১. বোর্ডের কার্যালয়ে কোনো গবেষণা কর্মকর্তা ও আইটি কর্মকর্তা না থাকায় বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ১৪১ ধারা অনুযায়ী শিল্প সেক্টরের তথ্য উপাত্ত সংগ্রহ এবং তা বিশ্লেষণে আধুনিক পদ্ধতি অনুসরণ করা সম্ভব হয় না।

২. বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী বোর্ড সদস্যগণ কর্তৃক শিল্প প্রতিষ্ঠান পরিদর্শনের বিধান থাকলেও বোর্ডের নিজস্ব কোনো সরকারি যানবাহন না থাকায় তা প্রতিপালন করা কষ্টসাধ্য হয়।

৩. বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০১৫ অনুযায়ী মজুরি হারের সুপারিশ ছয় মাসের মধ্যে মন্ত্রণালয় বরাবর প্রেরণের নিদেশনা থাকলেও অনেক ক্ষেত্রে শ্রমিক ও মালিকপক্ষের কালক্ষেপণ ও অসহযোগিতার কারণে যথাসময়ে মন্ত্রণালয়ে সুপারিশ প্রেরণ করা সম্ভব হয় না।

৪. বোর্ড সদস্যদের পর্যাপ্ত প্রশিক্ষণের অভাব।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

১. প্রশিক্ষণের মাধ্যমে বোর্ড সদস্য / অফিস কর্মচারিগণের দক্ষতা বৃদ্ধির ব্যবস্থা গ্রহণ।
২. গবেষণা কর্মকর্তা ও আইটি কর্মকর্তাসহ জনবল বৃদ্ধির যথাযথ ব্যবস্থা গ্রহণ।
৩. নতুন শিল্প সেক্টর চিহ্নিতকরণ।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- ১. টি গার্ডেন, ব্যক্তিমালিকানাধীন পাটকল, সিকিউরিটি সার্ভিস, প্রিন্টিং প্রেস, নির্মাণ ও কাঠ এবং আয়রন ফাউন্ড্রি এন্ড ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে সরকার বরাবর প্রেরণ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

চেয়ারম্যান, নিম্নতম মজুরি বোর্ড

এবং

সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর মধ্যে ২০২০ সালের জুলাই........ মাসের ২৮........ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

শ্রমিকদের উন্নত জীবনমান।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের জীবন মান উন্নয়নের লক্ষ্যে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ ও বাংলাদেশ শ্রম বিধিমালা, ২০15 অনুযায়ী বোর্ড সদস্যদের ফলপ্রসূ আলোচনা ও সিদ্ধান্তক্রমে নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়নপূর্বক সরকার বরাবর প্রেরণ।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. ১. নিম্নতম মজুরি নির্ধারণের মাধ্যমে সংশ্লিষ্ট শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের জীবন মান উন্নয়ন ও কল্যাণ জোরদারকরণ।

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ
২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ১. শ্রমিকদের কল্যাণ সাধন ও সামাজিক নিরাপত্তা বিধান
২. ২. নিম্নতম মজুরি নির্ধারণের জন্য নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়ন

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২১-২০২২ | ২০২২-২০২৩ | | |
| নিম্নতম মজুরি নির্ধারণের মাধ্যমে সংশ্লিষ্ট শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের জীবন মান উন্নয়ন ও কল্যাণ জোরদারকরণ | নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রেরণকৃত শিল্প সেক্টর | সংখ্যা | ৩ | ৫ | ৩ | ৪ | ৫ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ও নিম্নতম মজুরী বোর্ড | বার্ষিক প্রতিবেদন ও প্রকাশিত গেজেট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [১] ১. নিম্নতম মজুরি নির্ধারণের মাধ্যমে সংশ্লিষ্ট শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের জীবন মান উন্নয়ন ও কল্যাণ জোরদারকরণ। | ৭৫ | [১.১] সরকার কর্তৃক প্রেরিত বেসরকারি শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়ন ও সরকার বরাবর প্রেরণ | [১.১.১] নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রেরণকৃত শিল্প সেক্টর | সমষ্টি | সংখ্যা | ৬০ | ৩ | ৫ | ৩ | ২ | ১ | | | ৪ | ৫ |
| | | [১.২] সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে শিল্প সেক্টরের সার্বিক অবস্থা এবং শ্রমিকের কাজের ধরণ, ঝুঁকি ও মান যাচাই | [১.২.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান/কারখানা | সমষ্টি | সংখ্যা | ১৫ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৮ | ১০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ৩ | ৪ | | | | | | |
| | | | [১.১.২] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ১ | | ১০ | ১২ | ১১ | | | | | |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ৪ | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | ৪ | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ৪ | ৪ | ৩ | ২ | | | | |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | ৩ | ৪ | ৩ | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ** | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিস্পত্তিকৃত | সমষ্টি | % | ২ | | ৮০ | ৮০ | ৭০ | ৬০ | | | | |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | ০৩-০২-২০২০ | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | | |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ২ | | ২৩-১২-২০১৯ | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | | |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ১ | | ৬০ | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | | |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | | |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | ১০০ | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)/বাজেট বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) /বাজেট বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | বোর্ডের কোনো বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) নাই। | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] ত্রিপক্ষীয় সভায় উপস্থাপনের জন্য মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরিত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | ৫টি অডিট আপত্তি পাওয়া গেছে।নিষ্পত্তির নিমিত্ত প্রক্রিয়াধীন রয়েছে। | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | | |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | ৫টি অডিট আপত্তি পাওয়া গেছে।নিষ্পত্তির নিমিত্ত প্রক্রিয়াধীন রয়েছে। | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | | |
| | | [৩.৪] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুত ও হালনাগাদকরণ | [৩.৪.১] স্থাবর ও অস্থাবর সম্পত্তির তালিকা প্রস্তুতকৃত এবং হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ১ | | ০৩-০২-২০২০ | ১৫.১২.২০ | ১৪.০১.২১ | ১৫.০২.২১ | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, চেয়ারম্যান, নিম্নতম মজুরি বোর্ড, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হিসাবে চেয়ারম্যান, নিম্নতম মজুরি বোর্ড-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৮.০৭.২০২০

চেয়ারম্যান
নিম্নতম মজুরি বোর্ড

তারিখ

28.07.2020

সচিব
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এমডব্লিউবি | মিনিমাম ওয়েজেজ বোর্ড |
| ২ | আইএলও | ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন |
| ৩ | এমআরডব্লিউ | মিনিমাম রেইটস অব ওয়েজেজ |
| ৪ | বিজি প্রেস | বাংলাদেশ গভর্মেন্ট প্রেস |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] সরকার কর্তৃক প্রেরিত বেসরকারি শিল্প সেক্টরে কর্মরত সকল শ্রেণির শ্রমিকের নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়ন ও সরকার বরাবর প্রেরণ | [১.১.১] নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রেরণকৃত শিল্প সেক্টর | সরকার কর্তৃক প্রেরণের পর বোর্ড সভায় আলোচনা ও সিদ্ধান্তক্রমে নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়ন ও সরকার বরাবর প্রেরণ। | শিল্প শাখা, নিম্নতম মজুরী বোর্ড | সংশ্লিষ্ট রেকর্ডপত্র ও খসড়া গেজেট | সংশ্লিষ্ট রেকর্ডপত্র, বার্ষিক প্রতিবেদন ও গেজেট |
| [১.২] সরেজমিনে পরিদর্শনের মাধ্যমে শিল্প সেক্টরের সার্বিক অবস্থা এবং শ্রমিকের কাজের ধরণ, ঝুঁকি ও মান যাচাই | [১.২.১] পরিদর্শনকৃত প্রতিষ্ঠান/কারখানা | সরকার কর্তৃক প্রেরণের পর বোর্ড সভায় আলোচনা ও সিদ্ধান্তক্রমে নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রণয়ণের নিমিত্ত সংশ্লিষ্ট শিল্প সেক্টর সরেজমিনে পরিদর্শন, শ্রমিকের কাজের ধরন, ঝুঁকি ও মান যাচাই, মালিক ও শ্রমিক প্রতিনিধিগণের সঙ্গে মতবিনিময় এবং তথ্য-উপাত্ত সংগ্রহ। | শিল্প শাখা, নিম্নতম মজুরী বোর্ড | সংশ্লিষ্ট রেকর্ডপত্র ও খসড়া গেজেট | সংশ্লিষ্ট রেকর্ডপত্র, বার্ষিক প্রতিবেদন ও গেজেট |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় / বিভাগ | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রেরণকৃত শিল্প সেক্টর | নির্ধারিত সময়ে নিম্নতম মজুরি হার নির্ধারণের কার্যক্রম গ্রহণের লক্ষ্যে মালিক ও শ্রমিকপক্ষের প্রতিনিধির নামের গেজেট প্রেরণ | যথাসময়ে কর্মসম্পাদন সূচকের মান অর্জন | যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার আশঙ্কা |
| অন্যান্য | বাংলাদেশ সরকারি মুদ্রণালয় (বিজি প্রেস) | নিম্নতম মজুরি হারের সুপারিশ প্রেরণকৃত শিল্প সেক্টর | নির্ধারিত সময়ে বিজ্ঞপ্তিসহ খসড়া সুপারিশ গেজেটে প্রকাশ, প্রমাণক ও তথ্য প্রাপ্তি | যথাসময়ে কর্মসম্পাদন সূচকের মান অর্জন | যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার আশঙ্কা |
| অন্যান্য | সরকার কর্তৃক প্রেরিত বেসরকারি শিল্প প্রতিষ্ঠানসমূহ | পরিদর্শনকৃত প্রতিষ্ঠান/কারখানা | নির্ধারিত সময়ে পরিদর্শন কাজে সার্বিক সহযোগিতাসহ তথ্য উপাত্ত সরবরাহ | যথাসময়ে কর্মসম্পাদন সূচকের মান অর্জন | যথাসময়ে লক্ষ্যমাত্রা অর্জিত না হওয়ার আশঙ্কা |